শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

১৪৬৬২

# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/রংপুর-৬৩/ ৬৬৬/৫ তারিখঃ ২৬/০৭/২০১৭খ্রিঃ

**বিষয়ঃ** মাদরাসার সুপারের দায়িত্ব হস্তান্তর প্রসঙ্গে।

সূত্রঃ ১) নং-বামাশিবো/প্রশা/রংপুর-৬৩/৪৯৫/৫; তারিখঃ ২৮/০৫/২০১৭খ্রিঃ
২) নং-বামাশিবো/প্রশা/রংপুর-৬৩/৫৪৩/৩; তারিখঃ ০৫/০৬/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার মিঠাপুকুর উপজেলাধীন হুলাশুগঞ্জ রশিদিয়া বালিকা দাখিল মাদরাসার ম্যানেজিং কমিটির সভাপতির কমিটি গঠন সংক্রান্ত আদেশ অমান্য করায় ২০১১ সালে সুপার জনাব মোঃ নওশাদ আলীকে সাময়িক বরখাস্ত করা হয়। কিন্তু সাময়িক বরখাস্ত পরবর্তী কোন তদন্ত হয় নাই, বোর্ডের নিকট চূড়ান্ত বরখাস্তের বিষয়ে কোন ধরনের অনুমোদন নেওয়া হয় নাই।

বর্ণিত অবস্থায় সাময়িক বরখাস্তের দীর্ঘদিন পরেও কোন বিভাগীয় তদন্ত না করে অভিযোগ প্রমান ও বোর্ডের অনুমোদন ব্যতিরেকে চূড়ান্ত বরখাস্তের সিদ্ধান্ত বিধি বহির্ভূত হওয়ায় তাহার আইনগত কোন কার্যকারিতা নাই, বিধায় অত্র পত্র প্রাপ্তির আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে মাদরাসার সুপার জনাব মোঃ নওশাদ আলীকে তাঁর দায়িত্ব হস্তান্তর করে মাদরাসার ভারপ্রাপ্ত সুপার ও ম্যানেজিং কমিটিকে সভাপতির মাধ্যমে বোর্ডকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

26.7.17

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

২৬/৭/১৭

প্রাপকঃ ১) সভাপতি/সদস্যবৃন্দ- ম্যানেজিং কমিটি;
২) ভারপ্রাপ্ত সুপার, হুলাশুগঞ্জ রশিদিয়া বালিকা দাখিল মাদরাসা, মিঠাপুকুর, রংপুর।

নং-বামাশিবো/প্রশাসন/রংপুর-৬৩/ তারিখঃ /০৭/২০১৭খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ**

১. উপজেলা নির্বাহী অফিসার, মিঠাপুকুর, রংপুর।
২. জেলা শিক্ষা অফিসার, রংপুর।
৩. জনাব মোঃ নওশাদ আলী, সুপার, হুলাশুগঞ্জ রশিদিয়া বালিকা দাখিল মাদরাসা, মিঠাপুকুর, রংপুর।
৪. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
৫. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪

G:\Admin\Shujan\2017\07. July\24.07.2017\Rang-63 B

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/রংপুর-৬৩/ ৬৮৭/৫ তারিখঃ ২৬/০৭/২০১৭খ্রিঃ

বিষয়ঃ ম্যানেজিং কমিটির সভাপতি পদ কেন বাতিল করা হবে না তার কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে।

সূত্রঃ ১) নং-বামাশিবো/প্রশা/রংপুর-৬৩/৪৯৫/৫; তারিখঃ ২৮/০৫/২০১৭খ্রিঃ
২) নং-বামাশিবো/প্রশা/রংপুর-৬৩/৫৪৩/৩; তারিখঃ ০৫/০৬/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার মিঠাপুকুর উপজেলাধীন হুলাশুগঞ্জ রশিদিয়া বালিকা দাখিল মাদরাসার সুপার মোঃ নওশাদ আলীকে অবৈধভাবে সাময়িক বরখাস্ত করার বিষয়টি নিস্পত্তির জন্য মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক রিট পিটিশন নং- ১৫৩১১/১৬ এ প্রদত্ত ১১/১২/২০১৬খ্রিঃ তারিখে আদেশ জারি করেন (কপি সংযুক্ত)।

হাইকোর্ট বিভাগের আদেশের প্রেক্ষিতে গত ৩১/০৫/২০১৭খ্রিঃ তারিখে সংশ্লিষ্ট সকল পক্ষকে স্বীয় কাগজপত্রসহ স্ব-শরীরে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডে উপস্থিত থাকার জন্য সূত্রে উল্লিখিত ১নং স্মারকে পত্র দেয়া হয় (কপি সংযুক্ত)। কিন্তু আপনি ম্যানেজিং কমিটির সভাপতি উপস্থিত হন নাই। পরবর্তীতে ২০/০৭/২০১৭খ্রিঃ তারিখে অত্র বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টার মাধ্যমে আপনার মোবাইল নং-০১৭১৯৮২২৪৭৪ এ ২০/০৭/২০১৭খ্রিঃ তারিখে এসএমএস দিয়ে ও ফোনে যোগাযোগের মাধ্যমে আপনাকে ২৪/০৭/২০১৭খ্রিঃ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলেও আপনি উপস্থিত হন নাই। আপনার এহেন কার্যকলাপ বোর্ডের আদেশ অবমাননার সামিল এবং বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর পরিপন্থি।

বর্ণিত অবস্থায় বোর্ডের আদেশ অবমাননা ও প্রবিধান পরিপন্থি কার্যকলাপে লিপ্ত থাকায় বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর ধারা-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং-বামাশিবো/প্রশা/১১২৭/৯/নথি নং- রংপুর-৬৩; তারিখঃ ০৫/১১/২০১৫খ্রিঃ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতি হিসাবে জনাব মোঃ বেলায়েত হোসেন এর পদ কেন বাতিল করা হবে না আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তার সন্তোষজনক জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ..........(...............) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
26.7.17
প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) জনাব মোঃ বেলায়েত হোসেন, সভাপতি;
২) ভারপ্রাপ্ত সুপার, হুলাশুগঞ্জ রশিদিয়া বালিকা দাখিল মাদরাসা
মিঠাপুকুর, রংপুর।

নং-বামাশিবো/প্রশাসন/রংপুর-৬৩/ তারিখঃ /০৭/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, মিঠাপুকুর, রংপুর।
২. জেলা শিক্ষা অফিসার, রংপুর।
৩. জনাব মোঃ নওশাদ আলী, সুপার, হুলাশুগঞ্জ রশিদিয়া বালিকা দাখিল মাদরাসা, মিঠাপুকুর, রংপুর।
৪. সদস্যবৃন্দ- ম্যানেজিং কমিটি, হুলাশুগঞ্জ রশিদিয়া বালিকা দাখিল মাদরাসা, মিঠাপুকুর, রংপুর।
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪